

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬০৬৫

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - আবু বাকর সিন্ধীক ও 'উমার ফারুক (রাঃ)-এর মর্যাদা ও বৈশিষ্ট্য

الفَصْلُ الثَّنِفُ (بَابِ مَنَاقِبِ أَبِي بَكْرٍ وَعُمَرَ رَضِيَ اللَّهُ عَنْهُمَا)

আরবী

وَعَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا مِنْ نَبِيٍّ إِلَّا
وَلَهُ وَزِيرًا مِنْ أَهْلِ السَّمَاءِ وَوَزِيرًا مِنْ أَهْلِ الْأَرْضِ فَأَمَّا وَزِيرَايَ مِنْ أَهْلِ السَّمَاءِ
فَجَبْرِيلُ وَمِيكَائِيلُ وَأَمَّا وَزِيرَايَ مِنْ أَهْلِ الْأَرْضِ فَأَبُو بَكْرٍ وَعُمَرُ». رَوَاهُ التِّرْمِذِيُّ

اسناده ضعيف ، رواه الترمذى (3680) وقال : حسن غريب) * فيه تليد : رافضى
ضعف و عطية العوفى شيعى ضعيف مدلس -
(ضعيف)

বাংলা

৬০৬৫-[১০] আবু সাউদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: প্রত্যেক নবীর
জন্য আকাশবাসী হতে দু'জন পরামর্শদাতা ছিলেন এবং জমিনবাসী হতে দু'জন পরামর্শদাতা ছিলেন। আকাশবাসী
হতে আমার দু'জন পরামর্শদাতা হলেন, জিবরীল ও মীকান্দেল আর জমিনবাসী হতে পরামর্শদাতা দুজন হলেন আবু
বকর এবং 'উমার। (তিরমিয়ী)

ফুটনোট

যষ্টিফ: তিরমিয়ী ৩৬৮০, যাইফুল জামি ৫২২৩; কারণ তালীদ ইবনু সুলায়মান এবং আত্তিয়াত্ উভয়েই যষ্টিফ,
হিদায়াতু রুওয়াত ৫/৮১১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَا مِنْ نَبِيٍّ إِلَّا وَلَهُ وَزِيرًا نِمْنَ أَهْلِ السَّمَاءِ وَوَزِيرًا نِمْنَ أَهْلِ الْأَرْضِ) উজিরকে উজির বলা হয় এজন যে, উজির আমির বা নেতার ভারী বোৰা বহন করে।

অতএব হাদীসের অর্থ হবে যখন নবী (সা.) কোন বিষয়ে চিন্তিত হয়ে পড়তেন তখন আবু বাকর ও ‘উমার এই উভয়ের সাথে পরামর্শ করতেন যেমন বাদশাহ কোন বিপদে বা কষ্টে পড়লে তার উজিরের সাথে পরামর্শ করে থাকে যেমন আল্লাহ বলেন,

﴿٣١١﴾ وَاجْعَلْ لِي وَزِيرًا مِنْ أَهْلِ هَرُونَ أَخِي أَشْدُدُ بْنَ أَزْدِ رَبِيعٍ ﴿٣٠٩﴾ ﴿٢٩٩﴾ هَرُونَ أَخِي أَشْدُدُ بْنَ أَزْدِ رَبِيعٍ

“আমার পরিবার হতে আমার ভাই হারুনকে আমার উজির বানিয়ে দিন। তার দ্বারা আমাকে শক্তিশালী করুণ।”

(সূরা ত্ব-হা- ২০: ২৯-৩১)

এ প্রসঙ্গে আন্ত নিহায়াহ গ্রন্থে বলা হয়েছে, উজির হলো যে ব্যক্তি কারো হতে বোৰা বহন করে তাকে সাহায্য করে। আর আমির হলো যার মতামত ও বোধশক্তি গ্রহণ করা হয়।

(فَمَا وَزِيرًا يَمِنْ أَهْلِ السَّمَاءِ فَجِبْرِيلُ وَمِيكَائِيلُ) এখানে সুস্পষ্টভাবে নবী (সা.) -এর মর্যাদা প্রকাশ পেয়েছে জিবরীল ও মীকাইল (আঃ)-এর ওপর। এখানে আরো ইঙ্গিত রয়েছে জিবরীল-এর মর্যাদা মীকাইলএর ওপর।

(وَزِيرًا يَمِنْ أَهْلِ الْأَرْضِ فَأَبُو بَكْرٍ وَعُمَرُ) এখানে সুস্পষ্ট প্রমাণ যে, আবু বাকর ও ‘উমার (রাঃ) সকল সাহাবী ও সকল উম্মতের চেয়ে সর্বশ্রেষ্ঠ। (তুহফাতুল আওয়ামী ৯/৩৬৭৯

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু সাইদ খুদরী (রাঃ)

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=86041>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন